



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা- ০৪
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.০০৩.২৬- ৭৮


তারিখঃ ০২/০৪/২০২৬ খ্রি.

অফিস আদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউটের ক্লিনার জনাব মোঃ আলমগীর হোসেন এর বিরুদ্ধে যুগ্ম দায়রা জজ ১ম আদালত, সাতক্ষীরা কর্তৃক The Negotiable Instrument Act এর ১৩৮ ধারামতে মামলা বুলু করা হয় (দায়রা মামলা নং-৮৮৬/২৩, আদেশ নং-০৮)। উক্ত মামলার রায় ৩০/১০/২০২৩ তারিখ প্রকাশিত হয়। প্রকাশিত রায়ে বিবাদীকে বর্ণিত অপরাধে দোষী সাব্যস্ত করে ০১ (এক) বছর বিনাশ্রম কারাদণ্ড এবং নালিশী চেকে উল্লিখিত ৬০০০০০/- (ছয় লক্ষ) টাকা জরিমানা দণ্ডে দণ্ডিত করা হয় এবং তিনি ২২/০১/২০২৫ তারিখ শ্রেফতার হন। এমতাবস্থায়, তাকে বাংলাদেশ সার্ভিস রুলস এর বিধি-৭৩, নোট ২ মোতাবেক ২২/০১/২০২৫ তারিখ হতে ভূতাপেক্ষভাবে সাময়িক বরখাস্ত করা হলো এবং তিনি উক্ত অনুপস্থিত কালের জন্য (জেলে আটককালীন সময়) কোন প্রকার বেতন, ছুটিকালীন বেতন বা ভাতাদি পাইবেন না।

২. সাময়িকভাবে বরখাস্তকালীন সময় (জেল থেকে মুক্তি/জামিন হওয়ার পর) তিনি বাংলাদেশ সার্ভিস রুলস এর বিধি-৭১ মোতাবেক মূল বেতনের অর্ধহারে খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

৩. এই আদেশ ২২/০১/২০২৫ তারিখ হতে কার্যকর হবে।



০২/০৪/২৬
(মোঃ হুমায়ুন কবির)
সহকারী পরিচালক-০৪

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.০০৩.২৬- ৭৮

তারিখঃ ০২/০৪/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. পরিচালক (প্রশাসন/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. অধ্যক্ষ সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউট, সাতক্ষীরা।
৩. ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টসের কার্যালয়,.....।
৪. জেলা/উপজেলা অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, জেলা/উপজেলা অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়,.....।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)
৬. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৭. জনাব মোঃ আলমগীর হোসেন, ক্লিনার, সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউট, সাতক্ষীরা।
৮. পরিচালক পিআইডব্লিউ এর ব্যক্তিগত কর্মকর্তা।
৯. সংরক্ষণ নথি।


০২/০৪/২৬
(মোঃ হুমায়ুন কবির)
সহকারী পরিচালক-০৪